

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর
জাতীয় ক্রীড়া পরিষদ (NSC) ভবন, লেভেল-১৫
৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০।
www.ccie.gov.bd


নং- ২৬.০৩.০০০০.০০৪.৯৮.০০২.১৯- ৯৯২৬,

তারিখঃ ১২ বৈশাখ ১৪২৬
২৫ এপ্রিল ২০১৯

বিষয়: ইনোভেশন শোকেসিং মেলায় ইনোভেশন আইডিয়া উপস্থাপনকারী কর্মকর্তা মনোনয়ন।

সূত্র: বাণিজ্য মন্ত্রণালয়ের স্মারক নং- ২৬.০০.০০০০.০৯৭.৯৯.০০৭.১৮- ৭৫, তারিখ: ১০ ফেব্রুয়ারি ২০১৯।

উপর্যুক্ত বিষয় ও সূত্রে বর্ণিত পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক ইনোভেশন শোকেসিং এর জন্য চূড়ান্তভাবে উদ্ভাবনী উদ্যোগসমূহ বাছাইয়ের লক্ষ্যে অনুষ্ঠিত কর্মশালায় এ দপ্তরের প্রদত্ত OLM বিষয়ক উদ্ভাবনী উদ্যোগ গৃহীত হয়। উক্ত উদ্ভাবনী উদ্যোগ শোকেসিং এর জন্য মনোনীত উপস্থাপনকারী কর্মকর্তা ছিলেন জনাব নন্দন কুমার বনিক, নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা। তিনি সম্প্রতি WTO এর অধীনে Netherlands Trainee Programme, 1 May 2019 to 28 February 2020 এ অংশগ্রহণের জন্য মনোনীত হয়েছেন। তিনি উক্ত কোর্সে অংশগ্রহণের জন্য আগামী ৩০ এপ্রিল ২০১৯ জেনেভা, সুইজারল্যান্ড গমন করবেন বিধায় এ দপ্তরের ইনোভেশন সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব মোঃ সিরাজুল ইসলামকে উদ্ভাবনী উদ্যোগ শোকেসিং এর জন্য উপস্থাপনকারী হিসেবে মনোনীত করা হলো। বিষয়টি সদয় অবগতির জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।



(মনিরুজ্জামান খান)

উপ-নিয়ন্ত্রক

আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা
dc.ho@ccie.gov.bd
ফোন- ৯৫৫২৩৭৩, ফ্যাক্স- ৯৫৫০২১৭

সচিব

বাণিজ্য মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়

ঢাকা

[দৃষ্টি আকর্ষণ: ড. শাহ আলম, অতিরিক্ত সচিব (প্রশাসন- ১)]।

বিতরণঃ

১। জনাব নন্দন কুমার বনিক, নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা।

২। জনাব মোঃ সিরাজুল ইসলাম, সহকারী নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা।

৩। জনাব মোঃ জাহিদুল আলম চৌধুরী, নির্বাহী অফিসার, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

৪। প্রধান নিয়ন্ত্রক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (প্রধান নিয়ন্ত্রক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৫। দপ্তর কপি।